


# পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক
# এবং
# বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক



পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক

**সড়ক ও জনপথ অধিদপ্তর**
**সড়ক বিভাগ**
**যোগাযোগ মন্ত্রণালয়**

তারিখ: ১৮ মাঘ ১৪১৯ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০১৩ খ্রিস্টাব্দ



সড়ক বাঁধ নির্মাণ কাজ



পেভমেন্টের সাববেইজ নির্মাণ কাজ

# পটভূমি

প্রত্যাশিত আর্থ-সামাজিক উন্নয়নের অনুকূল টেকসই, নিরাপদ ও মানসম্মত সড়ক অবকাঠামো এবং সমন্বিত আধুনিক গণপরিবহন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে সড়ক বিভাগ নিরলস কাজ করে যাচ্ছে। সরকারের একটি অন্যতম সেবা প্রদানকারী সংস্থা হিসেবে সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তর সমগ্র দেশে জাতীয় ও আঞ্চলিক মহাসড়ক এবং জেলা সড়কের সমন্বয়ে একটি ব্যাপক, ব্যয়সাশ্রয়ী, পরিবেশবান্ধব, আরামদায়ক ও নিরাপদ সড়ক নেটওয়ার্ক নির্মাণ এবং রক্ষণাবেক্ষণে মুখ্য ভূমিকা পালন করে আসছে।

যোগাযোগ মন্ত্রণালয়ের সড়ক বিভাগের আওতাধীন সড়ক ও জনপথ অধিদপ্তরের মাধ্যমে এশীয় উন্নয়ন ব্যাংকের আর্থিক সহায়তায় সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্প-২ এর আওতায় দুটি চুক্তির মাধ্যমে ৫৩.১০ কিলোমিটার দীর্ঘ পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক (তেঁতুলিয়া বাইপাসসহ) এবং ২৬.৩০ কিলোমিটার দীর্ঘ বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক (বোদা বাইপাসসহ) নির্মিত হয়েছে। উল্লেখ্য যে, একলেন বিশিষ্ট বোদা-দেবীগঞ্জ জেলা সড়কটি এ প্রকল্পের মাধ্যমে দুই লেন বিশিষ্ট আঞ্চলিক মহাসড়কে উন্নীত করা হয়েছে।

দক্ষিণ এশীয় উপ-আঞ্চলিক সড়ক সংযোগ স্থাপনে পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক এবং বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক দুটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ২০১০ সালে বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরিত যৌথ ইশতেহার অনুসারে ল্যান্ড লক্‌ড দেশ নেপাল ও ভূটানকে বাংলাদেশের চট্টগ্রাম এবং মংলা সমুদ্র বন্দর ব্যবহারের সুযোগ প্রদানে সড়ক দুটি ভূমিকা রাখবে। উল্লেখ্য সড়ক দুটি দক্ষিণ এশীয় উপ-আঞ্চলিক অর্থনৈতিক সহযোগিতা (SASEC) এর চিহ্নিত সড়ক রুট। নির্মিত এ সড়ক দুটি এশিয়ান হাইওয়ে-২ রুট হিসেবে বিবেচিত। সড়ক দুটি নির্মিত হওয়ায় চট্টগ্রাম ও মংলা বন্দর এবং রাজধানী ঢাকার সাথে বাংলাবান্ধার দূরত্ব ১৫ কিলোমিটার হ্রাস পাবে। বাংলাবান্ধা স্থলবন্দরের মাধ্যমে আমদানী ও রপ্তানি ব্যাপক প্রসার লাভ করবে এবং সময় ও খরচ সাশ্রয় হবে।

জাতীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এ সড়ক দুটির ভূমিকা অনস্বীকার্য। এ অঞ্চলের প্রান্তিক তথা গ্রামাঞ্চলের দরিদ্র জনগোষ্ঠির ভাগ্যোন্নয়নে সড়ক দুটি সুদূরপ্রসারী অবদান রাখবে।



তেঁতুলিয়া বাইপাসে বেরং সেতুর নির্মাণ কাজ



পেভমেন্টের সার্ফেসিং কাজ

## প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ

| | | |
|---|---|---|
| প্রকল্প বাস্তবায়নকারী | ঃ | সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় |
| প্রকল্পের নাম | ঃ | সড়ক নেটওয়ার্ক উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ প্রকল্প-২ এর আওতায় পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক এবং বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক উন্নয়ন |
| অর্থায়ন | ঃ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক |

| | | |
|---|---|---|
| **সড়কের নাম** | **ঃ** | **পঞ্চগড়-তেঁতুলিয়া-বাংলাবান্ধা জাতীয় মহাসড়ক** |
| দৈর্ঘ্য | ঃ | ৫৩.১০ কিলোমিটার |
| ভূমি অধিগ্রহণের পরিমাণ | ঃ | ৩৮.৮০২ একর |
| নির্মাতা প্রতিষ্ঠান | ঃ | মেসার্স মনিকো লিমিটেড |
| নির্মাণ তদারককারী পরামর্শক | ঃ | রাউটন ইন্টারন্যাশনাল ইন এসোসিয়েশন উইথ ডিএইচভি বিভি, দেশ-উপদেশ লিমিটেড, ডেভ কনসালটেন্ট লিমিটেড |
| নির্মাণ ব্যয় | ঃ | ১৮৭.৩৪ কোটি টাকা |
| মূল ক্যারেজওয়ের প্রস্থ | ঃ | ৭.৩০ মিটার |
| হার্ডসোল্ডারের প্রস্থ | ঃ | ১.৫০ মিটার (প্রতি পাশে) |
| ব্রীজের সংখ্যা | ঃ | ০১ (১১০ মিটার) |
| কালভার্টের সংখ্যা | ঃ | ২৮ (১০২ মিটার) |
| বাইপাস | ঃ | ৪.৮০ কিলোমিটার (তেঁতুলিয়া বাইপাস) |
| নির্মাণ কাল | ঃ | ২০০৮-০৯ থেকে ২০১২-১৩ |

| | | |
|---|---|---|
| **সড়কের নাম** | **ঃ** | **বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক** |
| দৈর্ঘ্য | ঃ | ২৬.৩০ কিলোমিটার |
| ভূমি অধিগ্রহণের পরিমাণ | ঃ | ১০৭.৫৭ একর |
| নির্মাতা প্রতিষ্ঠান | ঃ | আব্দুল মোনেম লিমিটেড-জাইটেক-আইসিসিএল জেভি |
| নির্মাণ তদারককারী পরামর্শক | ঃ | রাউটন ইন্টারন্যাশনাল ইন এসোসিয়েশন উইথ ডিএইচভি বিভি, দেশ-উপদেশ লিমিটেড, ডেভ কনসালটেন্ট লিমিটেড |
| নির্মাণ ব্যয় | ঃ | ৮৪.৪৯ কোটি টাকা |
| মূল ক্যারেজওয়ের প্রস্থ | ঃ | ৫.৫০ মিটার |
| হার্ডসোল্ডারের প্রস্থ | ঃ | ১.২০ মিটার (প্রতি পাশে) |
| কালভার্টের সংখ্যা | ঃ | ১৮ (৫৪ মিটার) |
| বাইপাস | ঃ | ২.০০ কিলোমিটার (বোদা বাইপাস) |
| **নির্মাণ কাল** | **ঃ** | **২০০৮-০৯ থেকে ২০১২-১৩** |



তেঁতুলিয়া বাইপাস ইন্টারসেকশন



তেঁতুলিয়া বাইপাসে নবনির্মিত বেরং সেতু



মহাসড়কে নবনির্মিত আন্ডারপাস



বোদা-দেবীগঞ্জ আঞ্চলিক মহাসড়ক